

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ / ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১২৫-আইন/২০১৫/৭৩১-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) শুক্লায়ন বিশেষ কার্যপ্রণালী বিধিমালা, ১৯৯৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার—

- (১) বিধি ২ এর দফা (চ) এ দুই বার উল্লিখিত “সুপারিনটেনডেন্ট” শব্দের পরিবর্তে উভয়স্থানে “রাজস্ব কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২) বিধি ৬ এ উল্লিখিত “সুপারিনটেনডেন্টের” শব্দের পরিবর্তে “রাজস্ব কর্মকর্তার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (৩) ‘ফরম-খ’ এ উল্লিখিত “সুপারিনটেনডেন্ট” শব্দের পরিবর্তে “রাজস্ব কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( মোঃ নজিবুর রহমান )  
চেয়ারম্যান